

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩০৮

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯) মসজিদে গমণ করা। বিশেষ করে অন্ধকারে এবং তার ফযীলতের বর্ণনা

الترغيب في المشي إلى المساجد سيما في الظلم وما جاء في فضلها

আরবী

(صحيح) وَعَنْ أَبَيّ بْنِ كَعْبٍ قَالَ رَضِيَ اللَّهُ عَنْهُ كَانَ رَجُلٌ لَا أَعْلَمُ رَجُلًا أَبْعَدَ مِنْ الْمَسْجِدِ مِنْهُ وَكَانَ لَا تُخْطِئُهُ صَلَاةٌ قَالَ فَقِيلَ لَهُ أَقْ قُلْتُ لَهُ لَوْ اشْتَرَيْتَ حِمَارًا تَرْكَبُهُ فِي الْمَسْجِدِ مِنْهُ وَكَانَ لَا تُخْطِئُهُ صَلَاةٌ قَالَ فَقِيلَ لَهُ أَقْ قُلْتُ لَهُ لَوْ اشْتَرَيْتَ حِمَارًا تَرْكَبُهُ فِي الظَّلْمَاءِ وَفِي الرَّمْضَاءِ قَالَ مَا يَسُرُّنِي أَنَّ مَنْزِلِي إِلَى جَنْبِ الْمَسْجِدِ إِنِّي أُرِيدُ أَنْ يُكْتَبَ لِي مَمْشَايَ إِلَى الْمَسْجِدِ وَرُجُوعِي إِذَا رَجَعْتُ إِلَى أَهْلِي فَقَالَ رَسُونُ لَا اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ جَمَعَ اللَّهُ لَكَ ذَلِكَ كُلَّهُ.

وفي رواية: فَتَوَجَّعْتُ لَهُ ، فَقُلْتُ لَهُ: يَا فُلاَنُ لَوْ أَنَّكَ اشْتَرَيْتَ حِمَارًا يَقِيكَ الرَّمْضَاءَ وَ هَوَامَّ الأَرْضِ ، فَقَالَ: إِنِّي وَاللَّهِ مَا أُحِبُّ أَنَّ بَيْتِي مُطَنَّبُ بِبَيْتِ مُحَمَّدٍ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، قَالَ : فَحَمَلْتُ بِهِ حَمْلاً حَتَّى أَتَيْتُ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فأخبرته ، قَالَ : فَدَعَاهُ فَسَأَلُهُ وَذَكَرَ لَهُ مِثْلَ ذَلِكَ ، وَذَكَرَ أَنَّهُ يَرْجُو أَجِر الأثر ، فَقَالَ لَهُ رَسُولُ اللهِ صلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : لَكَ مَا احْتَسَبْتَ . رواه مسلم وغيره ورواه ابن ماجه بنحو الثانية

বাংলা

৩০৮. (সহীহ্) উবাই বিন কা'ব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আনসার সাহাবীদের মধ্যে জনৈক ব্যাক্তি ছিল। মসজিদে নববী থেকে তার চাইতে অধিক দূরে আর কেউ বসবাস করত এমন কাউকে আমি জানতাম না। কখনও তার জামাআতে সালাত ছুটত না। তাকে বলা হলঃ তুমি যদি একটি গাধা খরিদ করতে, তবে অন্ধকার রাস্তায় এবং সূর্যের প্রচন্ড তাপের সময় তাতে আরোহণ করে (মসজিদে আসতে) পারতে। সে তখন বললঃ আমার ঘর মসজিদের পাশে হলে তা আমাকে আনন্দ দিত না। আমি চাই মসজিদের প্রতি চলা এবং বাড়ীতে ফিরে আসার সময় পথ চলার ছোয়াব যেন আমার জন্যে লিখা হয়। একথা শুনে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ

''আল্লাহ্ অবশ্যই সে ছোয়াব তোমার জন্যে একত্রিত করে দিয়ে দিবেন।''



অন্য রেওয়ায়াতে এসেছেঃ

উবাই বলেনঃ আমি তার জন্যে দুঃখ প্রকাশ করলাম এবং বললামঃ হে উমুক ব্যাক্তি! তুমি যদি একটি গাধা খরিদ করতে, তবে উহা তোমাকে প্রচন্ড রোদের তাপ এবং মাটিতে বিচরণকারী বিষাক্ত প্রাণীর ক্ষতি থেকে বাঁচাতে পারতো। সে বললঃ কিন্তু আমি আল্লাহর কসম এটা পছন্দ করি না যে, আমার ঘর মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর ঘরের পাশে অবস্থান করবে।[1] তিনি (উবাই) বলেনঃ একথায় আমি খুবই ব্যাথা পেলাম এবং তা খুবই খারাপ মনে করলাম এমনকি আল্লাহর নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর কাছে এসে অভিযোগ পেশ করলাম। তিনি তাকে ডাকালেন। তখন সে আগের মতই কথা বলল। আর উল্লেখ করল যে, সে এতে পথ চলার ছোয়াবের আশা করে। তখন নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ "তুমি যে ছোয়াবের আশা করেছ তা অবশ্যই লাভ করবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম প্রমূখ ৬৬৩। ইবনু মাজাহ্ ৭৮৩ দ্বিতীয় বর্ণনাটির অনুরূপ রেওয়ায়াত করেন।)

ফুটনোট

[1] , কেননা আমি আমার ঘর থেকে মসজিদে অধিক পদক্ষেপের প্রতিদান আল্লাহর কাছে আশা করি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন